

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
স্থানীয় সরকার শাখা
www.barisaldiv.gov.bd

নম্বর: ৪৬.১০.০০০০.০০৯.২০.০০১.২২.৫৮১

তারিখ: ১১ পৌষ ১৪৩১
২৬ ডিসেম্বর ২০২৪

অফিস আদেশ

এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ২০২৪-২০২৫ অর্থবছরে আসবাবপত্র এবং কম্পিউটার ও আনুষঙ্গিকসহ অন্যান্য প্রয়োজনীয় স্বল্প মূল্যের ক্রয়ের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা-০৭ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-০৮ অনুযায়ী স্বল্প মূল্যের ক্রয়ের জন্য “দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি” এবং একই বিধিমালার বিধি-১৬(৫ক) অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুতকরণ কমিটি” নির্দেশক্রমে নিম্নরূপভাবে গঠন করা হলো।

ক. জনাব তানিয়া আকতার, উপপরিচালক (অ.দা.), স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল	আহ্বায়ক
খ. জনাব জাহিদুর রহমান, সহকারী কমিশনার, সাধারণ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল	সদস্য
গ. জনাব ফারহান ফাইয়াজ, সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

ক. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-১৬(৫ক) অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুতপূর্বক একই বিধির ৫(খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

খ. পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা-০৭ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-০৮ ও ৯৮ অনুযায়ী প্রাপ্ত দরপত্রসমূহ মূল্যায়নপূর্বক বর্ণিত বিধিমালায় বিধি-৩৬ অনুযায়ী মূল্যায়ন কার্যাদি সম্পন্নের পর, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ও ক্রয় চুক্তি সম্পাদন সম্পর্কে উহার সুপারিশ (দরপত্র বা প্রস্তাব দলিল ব্যতিত) একটি সীলমোহরযুক্ত বন্ধ খামে ক্রয়কারী কর্তৃপক্ষের নিকট সরাসরি দাখিল করা।

স্বাক্ষরিত/-

খোন্দকার আনোয়ার হোসেন
পরিচালক (যুগ্মসচিব)
০২৪৭৮৮৬৩৯৮৬


ই-মেইল: dlqdivcombarishal@mopa.gov.bd

নম্বর: ৪৬.১০.০০০০.০০৯.২০.০০১.২২.৫৮১/০১(০৭)

তারিখ: ১১ পৌষ ১৪৩১
২৬ ডিসেম্বর ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (ডিসিএ), বরিশাল;
৩. বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বরিশাল (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. জনাব তানিয়া আকতার, উপপরিচালক (অ.দা.), স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল;
৫. জনাব জাহিদুর রহমান, সহকারী কমিশনার, সাধারণ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল;
৬. জনাব ফারহান ফাইয়াজ, সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল;
৭. উপপ্রশাসনিক কর্মকর্তা, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল;
৮. সংশ্লিষ্ট নথি/অফিস কপি।


খোন্দকার আনোয়ার হোসেন
পরিচালক (যুগ্মসচিব)